

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
নৌপরিবহণ মন্ত্রণালয়  
প্রশাসন-১ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিষয়ঃ ৩ মে ২০১৭ তারিখে অনুষ্ঠিত মত বিনিময় সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব শাজাহান খান, এম.পি  
মাননীয় মন্ত্রী, নৌপরিবহণ মন্ত্রণালয়।  
তারিখ : ০৩-০৫-২০১৭ খ্রিঃ  
সময় : বেলা ১২:০০ ঘটিকা।  
স্থান : মন্ত্রণালয়ের সভাকক্ষ।

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকাঃ পরিশিষ্ট-ক।

আলোচনা :

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি মন্ত্রণালয়ের প্রকল্প সমূহের বাস্তবায়ন অগ্রগতিতে অসন্তোষ প্রকাশ করেন। তিনি প্রকল্প বাস্তবায়ন সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে আরো সক্রিয় ভূমিকা পালন করার আহ্বান জানান। সভাপতির অনুমতিক্রমে সচিব মহোদয় মন্ত্রণালয়ের প্রশাসনিক এবং উন্নয়ন কর্মকাণ্ডের বিভিন্ন দিক সভায় উপস্থাপন করেন। সচিব মহোদয় প্রকল্প সমূহের বাস্তবায়ন অগ্রগতি সেরেজমিনে পরিদর্শনের উপর গুরুত্ব আরোপ করেন। তিনি উইং প্রধানগণকে তাদের স্ব স্ব কাজ এবং দপ্তর/সংস্থার কার্যক্রম সম্পর্কে সচেতন/দিকনির্দেশনা প্রদানের পরামর্শ প্রদান করেন। মন্ত্রণালয়ের উর্দ্ধতন কর্মকর্তাগণ আলোচনায় অংশগ্রহণ করেন। বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :

ক্রঃ নং	বিষয়	সিদ্ধান্ত
(১)	মন্ত্রণালয়ের উন্নয়ন প্রকল্পসমূহ বাস্তবায়নঃ	(ক) আগামী ৩ (তিন) দিনের মধ্যে প্ল্যানিং উইং প্রকল্প সমূহের তালিকা সচিব মহোদয়ের বরাবরে প্রেরণ করবে। (খ) প্রকল্প পরিদর্শনের জন্য আগামী ৭(সাত) দিনের মধ্যে প্রকল্প ভিত্তিক কর্মকর্তা নিয়োগ প্রদান করতে হবে। প্রকল্পের দায়িত্বে নিয়োজিত সংশ্লিষ্ট কর্মকর্তা প্রকল্পের অগ্রগতি সম্পর্কে ADP Review সভায় উপস্থাপন করবেন। (গ) প্রকল্পসমূহ (১) চলমান (২) পাইপলাইনে প্রক্রিয়াধীন এবং (৩) পরিকল্পনাধীন এই তিনভাগে ভাগ করে কার্যক্রম গ্রহণ করতে হবে। (ঘ) আগামী ৭দিনের মধ্যে আলাদা উন্নয়ন শাখা/অধিশাখা গঠন করতে হবে এবং উন্নয়ন শাখা/অধিশাখা এর জন্য কর্মপরিকল্পনা নির্ধারণ করতে হবে।
(২)	গভীর সমুদ্র বন্দর ও পায়রা বন্দর প্রসঙ্গেঃ	(ক) গভীর সমুদ্র বন্দর এর বাস্তবায়ন কার্যক্রম ত্বরান্বিত করার লক্ষ্যে গভীর সমুদ্র বন্দর সেলের কার্যক্রমকে পুনরুজ্জীবিত করতে হবে। (খ) পায়রা বন্দরের কার্যক্রম আরো গতিশীল করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
(৩)	এপিএ সংক্রান্ত :	২০১৭-১৮ অর্থ বছরের বার্ষিক কর্ম সম্পাদন চুক্তির নির্ধারিত লক্ষ্যমাত্রা বাস্তবায়ন এর জন্য সকল কর্মকর্তাকে সক্রিয় ভূমিকা পালন করতে হবে।
(৪)	নিয়োগ সংক্রান্তঃ	প্রত্যেক দপ্তর/সংস্থার নিয়োগ কার্যক্রম মন্ত্রণালয় হতে কার্যকর ভাবে মনিটর করতে হবে। নিয়োগ কার্যক্রম ৬ মাসের মধ্যে শেষ করতে হবে। নিয়োগ কমিটিতে মন্ত্রণালয়ের কর্মকর্তা সুনির্দিষ্ট ভাবে মনোনয়ন করতে হবে। মনোনীত কর্মকর্তা নিয়োগ কার্যক্রম শুরু থেকে শেষ পর্যন্ত মনিটরিং করবেন।


২। আর কোন বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত  
১৪-০৫-২০১৭ খ্রি.  
(শাজাহান খান, এম.পি)  
মাননীয় মন্ত্রী

নং-১৮.০১১.০১৭.০০.০০.০১৬.২০১২ (অংশ-১)-১০০৭

তারিখঃ ১৫-০৫-২০১৭ খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

  
(মোঃ মুহিদুল ইসলাম)  
উপসচিব (প্রশাসন)  
ফোন : ৯৫১৫৫৫১

বিতরণঃ

সকল কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়।

অনুলিপিঃ

- ১। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়।